

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক সম্পাদিত

## বিশেষ নিরীক্ষার সংক্ষিপ্ত সার

(প্রথম খন্ড)

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৪টি উন্নয়ন কর্তৃপক্ষ  
(রাজধানী, খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম)  
এর রাজস্ব আদায় ব্যবস্থাপনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
অর্থ বছর : ২০০০-২০০১ হতে ২০০২-২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮ (১) ও ১২৮ (২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশস এ্যাক্ট ১৯৭৪ সালের ২৪ নম্বর আইন) এর ধারা ৫ (২) অনুযায়ী মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

২৮-৮-১৪১৩ বাং বং  
তারিখ : ১২-১২-২০০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

(আসিফ আলী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ

## নিরীক্ষা বিষয়ক তথ্যসমূহ

নিরীক্ষা প্রতিবেদন (Audited units)	: ১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা। ২। চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী। ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম। ৪। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
নিরীক্ষা প্রকৃতি (Nature of Audit)	: বিশেষ নিরীক্ষা
নিরীক্ষা অর্থ বছর (Audited Year)	: ২০০০-২০০৩
নিরীক্ষার দৃষ্টিভঙ্গি (Audit Approach)	: স্থানীয়ভাবে পরীক্ষামূলক নিরীক্ষা
নিরীক্ষা পদ্ধতি সমূহ (Audit Methodology)	: ১। বিশ্লেষণাত্মক পদ্ধতি ২। সরেজমিনে যাচাই পদ্ধতি
নিরীক্ষা তথ্য সংগ্রহের কৌশল (Audit Information Collection Technique)	: ১। চাহিদা পত্র ইস্যুকরণ ২। প্রশ্নমালা

২

## অনিয়মের অডিট ফাইন্ডিংস (Major Audit Findings)

- |  |              |
|--|--------------|
| <input type="checkbox"/> বরাদ্দপত্রের শর্তানুযায়ী প্লট বরাদ্দ গ্রহীতার নিকট হতে প্লটের মূল্য আদায় না করায় ; বরাদ্দবিহীন গ্রহীতাকে প্লট রেজিস্ট্রি প্রদান করায় এবং ব্যর্থ গ্রহীতার জমাকৃত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার ক্ষতি।<br>(অনুচ্ছেদ নং-১)। | ১,৬১,৪৭,৩৬২  |
| <input type="checkbox"/> নির্ধারিত মূল্য অপেক্ষা কম মূল্যে লীজ দলিল ও সাইট প্ল্যান বিক্রয় করায় সংস্থার রাজস্ব ক্ষতি<br>(অনুচ্ছেদ নং-২)।  | ১,৭০,৭০০     |
| <input type="checkbox"/> অবৈধ ভবন অপসারণের ব্যয়ভার সংশ্লিষ্টদের নিকট হতে আদায় না করে সংস্থার তহবিল হতে ব্যয় করায় রাজস্ব ক্ষতি (অনুচ্ছেদ নং-৩)।   | ১৮,১৩,৮০০    |
| <input type="checkbox"/> আয়কর, ভ্যাট, সার্ভিস চার্জ বাবদ রাজস্ব আদায় না করায় সংস্থার ক্ষতি (অনুচ্ছেদ নং-৪)।   | ১১,৪০,১৫,৪৪৬ |
| <input type="checkbox"/> বাণিজ্যিক/আবাসিক প্লট গ্রহীতাগণের নিকট হতে কিস্তির টাকার উপর সুদ কম আদায় করায় সংস্থার ক্ষতি<br>(অনুচ্ছেদ নং-৫)।   | ৫৫,০৩,৮৫০    |
| <input type="checkbox"/> হস্তান্তর ফি কম আদায় করায় সংস্থার আর্থিক ক্ষতি (অনুচ্ছেদ নং-৬)।   | ৩,২৩,৫৯২     |
| <input type="checkbox"/> নির্দিষ্ট সময়ের মধ্যে লীজ দলিল রেজিস্ট্রি করতে ব্যর্থ বরাদ্দ গ্রহীতাদের প্লট বাতিল করে পরিশোধিত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার আর্থিক ক্ষতি (অনুচ্ছেদ নং-৭)।   | ৭,৯৯,৯৯৮     |
| <input type="checkbox"/> বোর্ড সভার অনুমোদন ছাড়াই ডিএমডিপি প্রকল্পের অর্থ ব্যক্তিগত এসটিডি হিসাব খাতে স্থানান্তর করায় সংস্থার ক্ষতি (অনুচ্ছেদ নং-৮)।   | ৫,০০,০০০     |
| <input type="checkbox"/> ভূমি ব্যবহারের ছাড়পত্র ও তথ্যপত্র ফরম কম রেইটে বিক্রয় করায় সংস্থার রাজস্ব ক্ষতি (অনুচ্ছেদ নং-৯)।   | ২,৪৫,৩০০     |
| <input type="checkbox"/> নারায়ণগঞ্জ বাণিজ্যিক ভবন ও রাজউক ভবন ব্যবহারকারীদের নিকট হতে সুদসহ বকেয়া ভাড়া ও বিক্রয় মূল্য আদায় না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-১০)।   | ৫,০২,৯০,০০১  |
| <input type="checkbox"/> প্লটের মূল্য সুদে আসলে আদায় না করে প্লট ব্যাংকে বন্ধ রেখে খন গ্রহণের জন্য ছাড়পত্র প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি (অনুচ্ছেদ নং-১১)।   | ২,৩৮,০৭,৩২১  |
| <input type="checkbox"/> বিভিন্ন ভাড়াটিয়ার নিকট ভবনের ভাড়া বকেয়া বাবদ অনাদায় (অনুচ্ছেদ নং-১২)।  | ১,২৯,০৪,৪৪০  |
| <input type="checkbox"/> রাজউক ভবনের ফ্লোরে অবস্থানকারী ভাড়াটিয়া হতে বর্ধিত হারসহ ভাড়া বাবদ অনাদায় (অনুচ্ছেদ নং-১৩)।   | ৫০,০৯,৪৩৯    |
| <input type="checkbox"/> রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর জমির মূল্য পরিশোধ না করে বেসরকারী কলেজ প্রতিষ্ঠা করায় সংস্থার আর্থিক ক্ষতি (অনুচ্ছেদ নং-১৪)।  | ১,০০,০০,০০০  |
| <input type="checkbox"/> রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মার্কেটের বিভিন্ন দোকান মালিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করায় সুদ অনাদায় (অনুচ্ছেদ নং-১৫)।   | ৭,৪৫,৮৩১     |
| <input type="checkbox"/> সড়ক সরলীকরণ ও প্রশস্তকরণ প্রকল্পের বিপরীতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের এর উৎকর্ষ ফি অনাদায় (অনুচ্ছেদ নং-১৬)।  | ৪,৩২,৭৩,৬১০  |

❑ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে দোকান বিভক্ত করা হলেও বিভক্ত করন ফি সহ জরিমানা আদায় না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-১৭)।	২০,৬৭,০০০
❑ বাস টার্মিনালের বকেয়া ইজারা মূল্য আদায় না করায় সুদাসলে ক্ষতি (অনুচ্ছেদ নং-১৮)।	৩২,৩৩,৩৩৭
❑ শিল্প প্লটের ভূমি হস্তান্তর ফি বাবদ অনাদায় (অনুচ্ছেদ নং-১৯)।	৩,০২,৫০০
❑ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালিত মার্কেটের দোকানীগণের নিকট হতে বকেয়া ভাড়া আদায় না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-২০)।	১৭,৯২,০৯৮
❑ এক প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়া প্লটে ভিন্ন প্রতিষ্ঠান শিল্প স্থাপন করলেও বরাদ্দ বাতিলসহ ভূমি উদ্ধার না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-২১)।	৩৯,০০,০০০
❑ এক উদ্দেশ্যে বরাদ্দ করা ভূমি ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা সত্ত্বেও বরাদ্দ পত্র বাতিল না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-২২)।	১১,৪৯,৭৬,৭৯৮
❑ আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-২৩)।	১৪,৩০,১৫৮
❑ কেডিএ নিউমার্কেটের বরাদ্দকৃত দোকান মালিকগণ মালিকানা সত্ত্বে হস্তান্তর করলেও হস্তান্তর ফি আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি (অনুচ্ছেদ নং-২৪)।।	২৪,৫৫,২৫০
❑ আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষতি (অনুচ্ছেদ নং-২৫)।	৮৭,৮৮,৫৫১

সর্বমোট= ৪২,৪৪,৯৬,৩৮২

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ (Causes of Irregularities and Losses)

- ১। সরকারী নির্দেশ যথাযথভাবে প্রতিপালনে অনীহা ;
- ২। বাণিজ্যিক ভবনের ভাড়া আদায়ে পারদর্শিতার অভাব ;
- ৩। নির্ধারিত হারে আয়কর/ভ্যাট ও সার্ভিস চার্জ আদায় না করার প্রবণতা ;
- ৪। বাণিজ্যিক এলাকায় নিলামযোগ্য প্লট নিলামে বিক্রি না করার প্রবণতা ;
- ৫। রাজস্ব আদায়ের ক্ষেত্রে সময়মত ব্যবস্থা গ্রহণ না করা ;
- ৬। প্লট গ্রহীতার নিকট হতে সুদ সহ প্রিমিয়াম আদায় না করার প্রবণতা ;

## ম্যানেজমেন্ট ইস্যু (Management Issues)

- ভবন ব্যবহারকারীদের নিকট হতে সুদ সহ বকেয়া ভাড়া আদায় হয়নি।
- বাণিজ্যিক এলাকায় নিলামযোগ্য প্লট বরাদ্দহীন অবস্থায় রয়েছে।
- একাধিক ভবনের প্ল্যান পাশ ফি একটি ভবন হিসেবে আদায় করা হয়েছে।
- জমি উদ্ধার ও মূল্য আদায়ের আইনগত ব্যবস্থা নেয়া হয়নি।

## অডিটের সুপারিশ (Suggestion)

- রাজস্ব আদায়ে ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব নিরূপনের ব্যবস্থা নিশ্চিত করা।
- রাজস্ব আদায় করে তাৎক্ষণিকভাবে সরকারী কোষাগারে জমা দেয়ার ব্যবস্থা করা।
- অনুমোদিত পিপি অনুযায়ী প্লট বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করা।
- কিস্তি টাকার সুদ/নামজারী ফি আদায়ের ক্ষেত্রে সরকারী নির্দেশ যথাযথ ভাবে প্রতি পালন করা।
- বানিজ্যিক/আবাসিক প্লট সমূহ নিলামে বিক্রির পদক্ষেপ গ্রহণ করা।
- বাস টার্মিনালের বকেয়া ইজারা মূল্য আদায়ের পদক্ষেপ গ্রহণ করা।
- ইজারা চুক্তি ভঙ্গ করে এবং উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে নির্মিত অবৈধ প্রতিষ্ঠানের সঙ্গে ইজারা চুক্তি বাতিল করে পুনঃ নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে সর্বোচ্চ মূল্যে ইজারার ব্যবস্থা করা।
- মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্লট হস্তান্তর ফি আদায় করা।

পূর্ত অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৪ (চার) টি উন্নয়ন কর্তৃপক্ষের ২০০০-২০০১, ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ অর্থ বছরের রাজস্ব আদায় এর উপর বিশেষ নিরীক্ষা করা হয়েছে। নিরীক্ষা প্রতিবেদনে গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির বিবরণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

ঢাকা

তারিখঃ ১৯-৮-১৪১৩ বাং  
০৩-১২-২০০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

(ওয়াজির আহমেদ ফাতেহ)

মহা পরিচালক,  
পূর্ত অডিট অধিদপ্তর, ঢাকা।



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক সম্পাদিত

## বিশেষ নিরীক্ষা প্রতিবেদন

(দ্বিতীয় খন্ড)

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৪টি উন্নয়ন কর্তৃপক্ষ  
(রাজধানী, খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম)  
এর রাজস্ব আদায় ব্যবস্থাপনা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
অর্থ বছর : ২০০০-২০০১ হতে ২০০২-২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮ (১) ও ১২৮ (২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স এ্যাক্ট ১৯৭৪ সালের ২৪ নম্বর আইন) এর ধারা ৫ (২) অনুযায়ী মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ : ২৮-৮-১৪১৩ বাং বং  
১২-১২-২০০৬ খ্রিঃ খ্রিঃ

স্বাক্ষরিত  
(আসিফ আলী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ

## আপত্তিসমূহের সার সংক্ষেপ

ক্রমিক নম্বর	শিরোনাম	জড়িত টাকার পরিমাণ	পৃষ্ঠা নম্বর
১	বরাদ্দপত্রের শর্তানুযায়ী প্লট বরাদ্দ গ্রহীতার নিকট হতে প্লটের মূল্য আদায় না করায়; বরাদ্দবিহীন গ্রহীতাকে প্লট রেজিষ্ট্রি প্রদান করায় এবং জমির মূল্য পরিশোধে ব্যর্থ গ্রহীতার জমাকৃত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার ক্ষতি।	১,৬১,৪৭,৩৬২	১
২	নির্ধারিত মূল্য অপেক্ষা কম মূল্যে লীজ দলিল ও সাইট প্ল্যান বিক্রয় করায় সংস্থার রাজস্ব ক্ষতি।	১,৭০,৭০০	২
৩	অবৈধ ভবন অপসারণের ব্যয়ভার সংশ্লিষ্টদের নিকট হতে আদায় না করে সংস্থার তহবিল হতে ব্যয় করায় ক্ষতি।	১৮,১৩,৮০০	৩
৪	আয়কর, ভ্যাট, সার্ভিস চার্জ বাবদ রাজস্ব আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি।	১১,৪০,১৫,৪৪৬	৪
৫	বাণিজ্যিক/আবাসিক প্লট গ্রহীতাগণের নিকট হতে কিস্তির টাকার উপর সুদ কম আদায় করায় সংস্থার ক্ষতি।	৫৫,০৩,৮৫০	৫
৬	হস্তান্তর ফি কম আদায় করায় সংস্থার আর্থিক ক্ষতি।	৩,২৩,৫৯২	৬
৭	নির্দিষ্ট সময়ের মধ্যে লীজ দলিল রেজিষ্ট্রি করতে ব্যর্থ বরাদ্দ গ্রহীতাদের প্লট বাতিল করে পরিশোধিত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার আর্থিক ক্ষতি।	৭,৯৯,৯৯৮	৭
৮	বোর্ড সভার অনুমোদন ছাড়াই টাকা মেট্রোপলিটন উন্নয়ন (ডিএমডিপি) প্রকল্পের অর্থ ব্যক্তিগত স্বল্প মেয়াদী জমা (এসটিডি) হিসাবে স্থানান্তর করায় সংস্থার ক্ষতি।	৫,০০,০০০	৮
৯	ভূমি ব্যবহারের ছাড়পত্র ও তথ্যপত্র ফরম কম রেইটে বিক্রয় করায় সংস্থার রাজস্ব ক্ষতি।	২,৪৫,৩০০	৯
১০	নারায়নগঞ্জ বাণিজ্যিক ভবন ও রাজউক ভবন ব্যবহারকারীদের নিকট হতে সুদসহ বকেয়া ভাড়া ও বিক্রয় মূল্য আদায় না করায় ক্ষতি।	৫,০২,৯০,০০১	১০
১১	প্লটের মূল্য সুদে আসলে আদায় না করে প্লট ব্যাংকে বন্ধক রেখে ঋণ গ্রহণের জন্য ছাড়পত্র প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি।	২,৩৮,০৭,৩২১	১১
১২	বিভিন্ন ভাড়াটিয়ার নিকট ভবনের ভাড়া বকেয়া বাবদ অনাদায়।	১,২৯,০৪,৪৪০	১২
১৩	রাজউক ভবনের ফ্লোরে অবস্থানকারী ভাড়াটিয়া হতে বর্ধিত হারসহ ভাড়া বাবদ অনাদায়।	৫০,০৯,৪৩৯	১৩
১৪	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর ৮৬ কাঠা জমির মূল্য পরিশোধ না করে বেসরকারী কলেজ প্রতিষ্ঠা করায় সংস্থার আর্থিক ক্ষতি।	১,০০,০০,০০০	১৪
১৫	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মার্কেটের বিভিন্ন দোকান মালিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করায় সুদ বাবদ অনাদায়।	৭,৪৫,৮৩১	১৫
১৬	সড়ক সরলীকরণ ও প্রশস্তকরণ প্রকল্পের বিপরীতে আরডিএ এর উৎকর্ষ ফি বাবদ অনাদায়।	৪,৩২,৭৩,৬১০	১৬
১৭	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে চট্টগ্রাম বিপনী বিতানের দোকান বিভক্ত করা হলেও বিভক্ত করণ ফি সহ জরিমানা আদায় না করায় ক্ষতি।	২০,৬৭,০০০	১৭
১৮	বাস টার্মিনালের বকেয়া ইজারা মূল্য আদায় না করায় সুদাসলে ক্ষতি।	৩২,৩৩,৩৩৭	১৮
১৯	শিল্প প্লটের ভূমি হস্তান্তর ফি বাবদ অনাদায়।	৩,০২,৫০০	১৯
২০	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালিত মার্কেটের দোকানীগণের নিকট হতে বকেয়া ভাড়া আদায় না করায় ক্ষতি।	১৭,৯২,০৯৮	২০
২১	এক প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়া প্লটে ভিন্ন প্রতিষ্ঠান শিল্প স্থাপন করলেও বরাদ্দ বাতিলসহ ভূমি উদ্ধার না করায় ক্ষতি।	৩৯,০০,০০০	২১
২২	এক উদ্দেশ্যে বরাদ্দ করা ভূমি ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা সত্ত্বেও বরাদ্দ বাতিল না করায় ক্ষতি।	১১,৪৯,৭৬,৭৯৮	২২
২৩	আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষতি।	১৪,৩০,১৫৮	২৩
২৪	কেডিএ নিউমার্কেটের বরাদ্দকৃত দোকান মালিকগণ মালিকানা সত্ত্বে হস্তান্তর করলেও হস্তান্তর ফি আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি।	২৪,৫৫,২৫০	২৪
২৫	আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষতি।	৮৭,৮৮,৫৫১	২৫
	সর্বমোট=	৪২,৪৪,৯৬,৩৮২	

অনুচ্ছেদ নং : ১

শিরোনাম : বরাদ্দপত্রের শর্তানুযায়ী প্লট বরাদ্দ গ্রহীতার নিকট হতে প্লটের মূল্য আদায় না করায়; বরাদ্দবিহীন গ্রহীতাকে প্লট রেজিষ্ট্রি প্রদান করায় এবং জমির মূল্য পরিশোধে ব্যর্থ গ্রহীতার জমাকৃত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার ১,৬১,৪৭,৩৬২ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : বারিধারা আবাসিক এলাকা, নিকুঞ্জ (উত্তর) আবাসিক এলাকা, উত্তরা বাণিজ্যিক এলাকা ও শ্যামপুর কদমতলী শিল্প এলাকা।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ১,৬১,৪৭,৩৬২ টাকা (পরিশিষ্ট পৃষ্ঠা-১ 'ক-গ' পর্যন্ত)।

অনিয়ম :

- বরাদ্দ গ্রহীতা জনৈক মোঃ শামসুদ্দীন কর্তৃক অর্থ পরিশোধের পর (বরাদ্দপত্র-৯২৫ তারিখ :- ৩০-৭-৮৬) বরাদ্দ গ্রহীতার নামে জমি রেজিষ্ট্রি না করে জনৈক জনাব শাহাদত হোসেন এর নামে জমি রেজিষ্ট্রি করা হয়েছে (পরিশিষ্ট-১ ক)।
- ২ জন বরাদ্দ গ্রহীতা কর্তৃক জমির মূল্য পরিশোধে ব্যর্থ হলেও তাদের জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হয়নি (পরিশিষ্ট-১ খ)।
- শ্যামপুর-কদমতলী শিল্প এলাকার প্লট নং-২৬ এর বরাদ্দ গ্রহীতা কর্তৃক সম্পূর্ণ মূল্য পরিশোধ না করা সত্ত্বেও জমি রেজিষ্ট্রি করে দেয়া হয়েছে (পরিশিষ্ট-১ গ)।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- নথিপত্র পর্যালোচনা করে পরে জবাব দেয়া হবে।

নিরীক্ষা মন্তব্য :

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- অনিয়মের জন্য দায় দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ২

শিরোনাম : নির্ধারিত মূল্য অপেক্ষা কম মূল্যে লীজ দলিল ও সাইট প্ল্যান বিক্রয় করায় সংস্থার ১,৭০,৭০০ টাকা রাজস্ব ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : লীজ দলিল, সাইট প্ল্যান বিক্রয় রেজিষ্টার, টাকা আদায় সংক্রান্ত রশিদ ও ০৬-০৭-০২ তারিখে অনুষ্ঠিত ৮/২০০২ তম সাধারণ সভার কার্যবিবরণী।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- রাজস্ব ক্ষতি : ১,৭০,৭০০ টাকা (পরিশিষ্ট পৃষ্ঠা-২ 'ক-খ' পর্যন্ত)।

অনিয়ম :

- রাজউক-এ ০৬-০৭-০২ তারিখে অনুষ্ঠিত ৮/২০০২ তম সাধারণ সভার সিদ্ধান্তমতে ০১-০৮-০২ তারিখ হতে কার্যকর প্রতিসেট লীজ দলিলের বিক্রয় মূল্য ৮০০ টাকার স্থলে ১,২০০ টাকা ও প্রতিসেট সাইট প্লানের বিক্রয় মূল্য ২০০ টাকার স্থলে ৩০০ টাকায় নির্ধারণ করা হয়।
- সংস্থা কর্তৃক সাধারণ সভার সিদ্ধান্ত উপেক্ষা করে ০১-০৮-০২ তারিখ হতে কার্যকর লীজ দলিল ১২০০ টাকার স্থলে ৮০০ টাকায় ও সাইট প্লানের বিক্রয় মূল্য ৩০০ টাকার স্থলে ২০০ টাকায় বিক্রয় করা হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে লীজ দলিল এবং সাইট প্লানের বিক্রয় মূল্য বৃদ্ধির আদেশ প্রশাসন কর্তৃক জারী করা হয়নি বলে পূর্বের নির্ধারিত হারে ফি আদায় করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা-সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন না করার জন্য দায় দায়িত্ব নির্ধারণ সহ আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ৩

শিরোনাম : অবৈধ ভবন অপসারণের ব্যয়ভার সংশ্লিষ্টদের নিকট হতে আদায় না করে সংস্থার তহবিল হতে ব্যয় করায় ১৮,১৩,৮০০ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : ক্যাশ বই, বৈষয়িক শাখার অবৈধ স্থাপনা উচ্ছেদ সংক্রান্ত নথি এবং ৩/২০০২ তম ও ৯/২০০২ তম সাধারণ সভার কার্য বিবরণী।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ১৮,১৩,৮০০ টাকা (পরিশিষ্ট ৩ 'ক'-খ পর্যন্ত)।

অনিয়ম :

- ১৯৫২ সালের গৃহ নির্মাণ আইন, সংশোধিত আইন ১৯৮৭ এর ৭(১) ধারা অনুযায়ী অননুমোদিতভাবে নির্মিত ভবন সংস্থা কর্তৃক ভেঙ্গে ফেলার ব্যয় ভার সংশ্লিষ্ট ভবনের মালিক হতে আদায়যোগ্য।
- ২৬টি অননুমোদিতভাবে নির্মিত ভবন সংস্থা কর্তৃক ভেঙ্গে ফেলার ব্যয় ভার সংশ্লিষ্ট ভবনের মালিক হতে আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- নথিপত্র পর্যালোচনা করে পরে জবাব দেয়া হবে।

নিরীক্ষা মন্তব্য :

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবর আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ :

- অনিয়মের জন্য দায় দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ৪

শিরোনাম : আয়কর, ভ্যাট, সার্ভিস চার্জ বাবদ রাজস্ব আদায় না করায় সংস্থার ১১,৪০,১৫,৪৪৬ টাকা রাজস্ব ক্ষতি।

আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : ডিমান্ডকালেকশান রেজিস্টার ও ইজারা নথি নং- ১২২।
- কাজের স্থান : নিকুঞ্জ (উত্তর) বাণিজ্যিক এলাকা, গুলশান বারিধারার মধ্যবর্তী ও উত্তরা-আর্দশ শহরের লেক এলাকা।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- রাজস্ব ক্ষতিঃ ১১,৪০,১৫,৪৪৬ টাকা (পরিশিষ্ট-৪ 'ক-চ' পর্যন্ত)।

অনিয়ম :

- মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর নির্দেশানুযায়ী ইজারা মূল্যের উপর ১৫% হারে ভ্যাট, আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর নির্দেশানুযায়ী নিলামে বিক্রয় মূল্যের উপর ৩% হারে আয়কর এবং রাজউক কর্তৃক বরাদ্দকৃত জমির উপর বিঘা প্রতি ৬০০ টাকা হারে সার্ভিস চার্জ আদায়যোগ্য।
- ভ্যাট, আয়কর ও সার্ভিস চার্জ আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- নথি পরীক্ষান্তে পরবর্তীতে জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- আয়কর, ভ্যাট, ও সার্ভিস চার্জ বাবদ আপত্তিকৃত টাকা আদায় করে হিসাবভুক্ত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ৫

শিরোনাম : বাণিজ্যিক/আবাসিক প্লট গ্রহীতাগনের নিকট হতে কিস্তির টাকার উপর সুদ কম আদায় করায় সংস্থার ৫৫,০৩,৮৫০ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : উত্তরা আবাসিক এলাকা, গুলশান মডেল টাউন, শ্যামপুর-কদমতলী পুনর্বাসন আবাসিক এলাকা।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৫৫,০৩,৮৫০ টাকা (পরিশিষ্ট-৫ 'ক-ঙ' পর্যন্ত)।

অনিয়ম :

- সংশ্লিষ্ট বরাদ্দপত্র নম্বর-রাজউক/এস্টেট/৪২০ তারিখ :-২২-২-২০০১ এর ২নং শর্ত অনুযায়ী প্লট বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অনাদায়ী কিস্তির টাকার উপর ১৬% হারে সুদ আদায়যোগ্য ছিল। কিন্তু এক্ষেত্রে ১৬% হারে সুদ আদায় না করে ১০% হারে সুদ আদায় করা হয়েছে।
- বরাদ্দ নম্বর :- রাজউক/এস্টেট/৭০৪৯ স্থাঃ তারিখ :-১৭-১০-২০০০ ও নম্বর-রাজউক/এস্টেট/৩০২ স্থাঃ তারিখ :-২৩-৩-২০০২ মোতাবেক বরাদ্দ গ্রহীতাদের নিকট হতে অনাদায়ী কিস্তির টাকার উপর ১৭% হারে সুদ আদায়যোগ্য ছিল। কিন্তু উল্লেখিত হারে সুদ আদায় করা হয়নি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- নথিপত্র পরীক্ষা করে জবাব পরে জানানো হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- সুদ বাবদ কম আদায়কৃত টাকা আদায় করা আবশ্যিক।



অনুচ্ছেদ নং : ৬

শিরোনাম : হস্তান্তর ফি কম আদায় করায় সংস্থার ৩,২৩,৫৯২ টাকা আর্থিক ক্ষতি।

আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : ডি,সি,আর, সংশ্লিষ্ট নথি ও পূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং শাখাঃ অঃ/৭/৩/এল-২/৯৭ (অংশ) ৪৫৬ তারিখ-১১-০৫-২০০০।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৩,২৩,৫৯২ টাকা (পরিশিষ্ট-৬ ক-খ)।

অনিয়ম :

- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নম্বর :- শাখা-৭/৩ এল-২/৯৭ (অংশ)/৪৫৬ তারিখ :-১১-৫-২০০০খ্রিঃ অনুযায়ী আবাসিক প্লটের মূল্যের উপর ১০% ও শিল্প প্লটের মূল্যের উপর ১৫% হারে হস্তান্তর ফি আদায়ের নির্দেশ থাকলেও তা আদায় করা হয়নি।
- হস্তান্তর ফি আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- নথিপত্র পরীক্ষা করে জবাব পরে প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- অনিয়মের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ৭

শিরোনাম : নির্দিষ্ট সময়ের মধ্যে লীজ দলিল রেজিস্ট্রী করতে ব্যর্থ বরাদ্দ গ্রহীতাদের প্লট বাতিল করে পরিশোধিত টাকা বাজেয়াপ্ত না করায় সংস্থার ৭,৯৯,৯৯৮ টাকা আর্থিক ক্ষতি।

আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : ডি,সি, আর ও সংশ্লিষ্ট নথি।
- কাজের স্থান : শ্যামপুর কদম তলী শিল্প এলাকা (২য় পর্ব)।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৭,৯৯,৯৯৮ টাকা (পরিশিষ্ট-৭)।

অনিয়ম :

- শিল্প প্লট সমূহ বরাদ্দ পত্রের ৪ ও ১০ নং শর্তানুযায়ী ১ম কিস্তির টাকা পরিশোধের পর ৯০ দিনের মধ্যে লীজ দলিল সম্পাদন ও রেজিস্ট্রী করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে লীজ দলিল সম্পাদন ও রেজিস্ট্রী না করা হলে প্লট গ্রহীতাদের সাথে কোন যোগাযোগ ছাড়াই বরাদ্দ বাতিলসহ জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করতে হবে। আলোচ্য ক্ষেত্রে তা করা হয়নি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- নথি পত্র পরীক্ষা করে জবাব পরে প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

- বরাদ্দপত্রের শর্তানুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে লীজ দলিল সম্পাদনে ব্যর্থ বরাদ্দ গ্রহীতাদের বরাদ্দ বাতিল করে জমাকৃত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং : ৮

শিরোনাম : বোর্ড সভার অনুমোদন ছাড়াই ঢাকা মেট্রোপলিটন উন্নয়ন (ডিএমডিপি) প্রকল্পের অর্থ ব্যক্তিগত স্বল্প মেয়াদী জমা (এসটিডি) হিসাবে স্থানান্তর করায় সংস্থার ৫,০০,০০০ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : ২৯-০৯-২০০০ তারিখে অনুষ্ঠিত ১২/২০০০ তম সাধারণ সভার কার্যবিবরণী এস, টি, ডি হিসাব সংক্রান্ত কাগজপত্র।
- কাজের স্থান : রাজউক কর্তৃক প্রকাশিত “নগরীয় প্রকটন” নামক ত্রৈ মাসিক পত্রিকা।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৫,০০,০০০ টাকা।

অনিয়ম :

- বোর্ড সভার অনুমোদন ছাড়াই শুধুমাত্র সদস্য (অর্থ) মহোদয়ের অনুমোদনক্রমে ডিএমডিপি প্রকল্পের ৫,০০,০০০ টাকা উত্তোলন করে ত্রৈ-মাসিক পত্রিকা “নগরীয় প্রকটন” প্রকাশের জন্য জনাব মোঃ শওকত আলী খান প্রাক্তন চীফ টাউন প্ল্যানার এর স্বাক্ষরে পরিচালিত ব্যক্তিগত এস.টি.ডি হিসাব নম্বরঃ-৭ ন্যাশনাল ব্যাংক, মতিঝিল শাখায় জমা করা হয়েছে।
- জনাব মোঃ শওকত আলী খান, প্রাক্তন চীফ টাউন প্ল্যানার উক্ত ৫,০০,০০০ টাকা উন্নয়ন কর্তৃপক্ষের নিকট ফেরৎ প্রদান না করেই ১২-০২-১৯৯৯ তারিখে এল,পি,আর এ যান।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- প্রাক্তন প্রধান নগর পরিকল্পনাবিদেব এল, পি, সি রাজউক এর হিসাব শাখা হতে প্রদান করা হয়েছে। পরিকল্পনা শাখার করণীয় কিছু নেই।

নিরীক্ষা মন্তব্য :

- স্থানীয় কর্তৃপক্ষের জবাব যুক্তিযুক্ত নহে। কোন কর্মকর্তা/কর্মচারী এল.পি.আর এ যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তির নিকট সরকারী/সংস্থার কোন দেনা পাওনা আছে কিনা তা নিশ্চিতপূর্বক এলপিসি প্রদান করার বিধান আছে। আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন না করায় সংস্থার ক্ষতি হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

- আপত্তিকৃত অর্থ আদায় করে সংস্থার হিসাবভুক্ত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ৯

শিরোনাম : ভূমি ব্যবহারের ছাড়পত্র ও তথ্যপত্র ফরম কম রেইটে বিক্রয় করায় সংস্থার ২,৪৫,৩০০ টাকা রাজস্ব ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : ভূমি ব্যবহার ছাড়পত্র বিক্রয় সংক্রান্ত কাগজপত্র ও ব্যাংক রশিদ এবং ০৬-০৭-০২ তারিখে অনুষ্ঠিত ০৮/২০০২ তম সাধারণ সভার কার্যবিবরণী।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- রাজস্ব ক্ষতি : ২,৪৫,৩০০ টাকা (পরিশিষ্ট-৮'ক-খ' পর্যন্ত)।

অনিয়ম :

- ০৬-০৭-২০০২ তারিখে অনুষ্ঠিত ০৮/২০০২ তম সাধারণ সভার সিদ্ধান্ত মতে ০১-০৮-০২ তারিখ হতে কার্যকর ভূমি ব্যবহার ছাড়পত্র ফরম এর বিক্রয় মূল্য ৫০০ টাকার স্থলে ১০০০ টাকা এবং ভূমি ব্যবহার তথ্যপত্র (সাধারণ) এর বিক্রয় মূল্য ২০০ টাকার স্থলে ৪০০ টাকা নির্ধারণ করা হলেও কম মূল্যে বিক্রয়/আদায় করা হয়।
- নির্ধারিত হারে ফরম বিক্রয় না করায় রাজউকের রাজস্ব ক্ষতি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- কর্তৃপক্ষের সভাতে উক্ত প্রস্তাবগুলি হিসাব শাখা হতে উপস্থাপন করা হয়েছে। কিন্তু সিদ্ধান্তগুলি পত্র মারফত ব্যাংক এর সংশ্লিষ্ট শাখাকে জানানো হয়নি।

নিরীক্ষা মন্তব্য :

- বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা সংস্থার সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য। কোন অবস্থাতেই দায়িত্ব অবহেলার কারণে সংস্থার আর্থিক ক্ষতি হতে পারেনা।

নিরীক্ষার সুপারিশ :

- যে সকল কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব অবহেলার কারণে বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি, তাদের দায় দায়িত্ব নিরূপন করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ও আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং : ১০

শিরোনাম : নারায়ণগঞ্জ বাণিজ্যিক ভবন ও রাজউক ভবন ব্যবহারকারীদের নিকট হতে সুদসহ বকেয়া ভাড়া আদায় না করায় ৫,০২,৯০,০০১ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : নারায়ণগঞ্জ রাজউক মার্কেটের ১৮৯ নম্বর নথি ও ভাড়া আদায়ের লেজার।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৫,০২,৯০,০০১ টাকা (পরিশিষ্ট-৯'ক-গ' পর্যন্ত)।

অনিয়ম :

- বাণিজ্যিক ভবনে অবস্থিত হোটেল ব্যবসায়ীর নিকট ভাড়া বাবদ ১,৪৭,০২,৬৮৫ টাকা, সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংকের নিকট বকেয়া ভাড়া ৫৯,৭০,২৮৭ টাকা এবং এনেক্স ভবনে অবস্থিত ১৪ জন ভাড়াটিয়ার নিকট ২,৯৬,১৭,০২৯ টাকা সর্বমোট ৫,০২,৯০,০০১ টাকা আদায় করা হয়নি।
- সময়মত ভাড়া আদায় না করায় সংস্থার বিপুল পরিমাণ টাকা অনাদায় রয়েছে।
- ভাড়া আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- নথিপত্র পরীক্ষা করে জবাব পরে প্রদান করা হবে।

নিরীক্ষা মন্তব্যঃ

- পরবর্তীতে ১২-৬-২০০৪ তারিখে সচিব বরাবরে আধা সরকারী পত্র প্রেরণ করেও জবাব পাওয়া যায়নি।
- সি পি ডিবিউ এ কোডের প্যারা ১৭৭(এ) ধারা অনুযায়ী রাজস্ব আদায় না হওয়ায় বিভাগীয় প্রধান দায়ী।

নিরীক্ষার সুপারিশঃ

- যথাসময়ে ভাড়া আদায়ে ব্যর্থতার জন্য দায় দায়িত্ব নির্ধারণ করে আপত্তিকৃত সমুদয় টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ :-১১

শিরোনাম : প্লটের মূল্য সুদে আসলে ২,৩৮,০৭,৩২১ টাকা আদায় না করে প্লট ব্যাংকে বন্ধক রেখে ঋণ গ্রহণের জন্য ছাড়পত্র প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : টংগী শিল্প এলাকা এবং উত্তরা বানিজ্যিক এলাকা সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ২,৩৮,০৭,৩২১ টাকা (পরিশিষ্ট-১০)।

অনিয়ম :

- উত্তরা ৬নং সেক্টর এ প্লট নং-২৮ জমির পরিমাণ-১বিঘা ১৯ কাঠা ৯ ছটাকা ১৫ বর্গফুট, নির্ধারিত মূল্য ৪৫,৩৬,০০০ টাকায় মেসার্স পেরামাউন্টস ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশনকে পত্র নং-৫১৩৮-২ তারিখঃ-২৪-১১-৮২ এর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ২৭,১৯,৫০০ টাকা পরিশোধের পর আর কোন অর্থ পরিশোধ করা হয়নি।
- টংগী শিল্প এলাকার প্লট নং-২৭ ও ২৮ জমির পরিমাণ-১২ বিঘা, মোট ১,০৮,৯৮,১১১ টাকায় বরাদ্দ মূল্য নির্ধারণ করে ৪ কিস্তিতে পরিশোধযোগ্য উল্লেখপূর্বক মেসার্স উইনার টেক্সটাইল মিলস্ লিঃকে বরাদ্দ পত্র নং-১৩১৮ স্থাঃ তারিখঃ ১৫-৫-৯৬ এর মাধ্যমে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সর্বমোট ৪১,৩৭,৩২১ (সুদসহ) টাকা ১৩-১১-৯৮ তারিখে পরিশোধের পর আর কোন অর্থ পরিশোধ করেনি।
- বরাদ্দ গ্রহীতাগণের নিকট হতে প্লটের সম্পূর্ণ মূল্য আদায় না করে প্লট ব্যাংকে বন্ধক রেখে তাদেরকে ঋণ গ্রহণের ছাড়পত্র প্রদান করায় সংস্থার আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- মেসার্স উইনার টেক্সটাইল মিলস্ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে ২য় ও ৩য় কিস্তির টাকা ১৫-৫-৯৯ তারিখের মধ্যে পরিশোধের সময়সীমা নির্ধারণ করে ১৮-৩-৯৯ তারিখে ব্যাংক হতে ঋণ গ্রহণের ছাড়পত্র প্রদান করা হয়।

নিরীক্ষা মন্তব্য :

- বর্ধিত সময় সীমার মধ্যে কিস্তির টাকা পরিশোধ করা হয়নি।
- প্লটের সম্পূর্ণ মূল্য পরিশোধ না করা সত্ত্বেও প্লট ব্যাংকে বন্ধক রেখে ঋণ প্রদানের ছাড়পত্র ইস্যু করে প্লট গ্রহীতার প্রতি আর্থিক আনুকূল্য প্রদর্শনের মাধ্যমে রাজউকের আর্থিক ক্ষতি সাধন করা হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

- জরুরীভিত্তিতে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

## অনুচ্ছেদঃ-১২

শিরোনামঃ বিভিন্ন ভাড়াটিয়ার নিকট ভবনের ভাড়া বকেয়া বাবদ ১,২৯,০৪,৪৪০ টাকা অনাদায়।

## আপত্তির বিবরণঃ

- নিরীক্ষিত নথিপত্র : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের মূল ভবন ও এনেক্সভবন সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ১,২৯,০৪,৪৪০ টাকা (পরিশিষ্ট-১১ 'ক-গ' পর্যন্ত)।

## অনিয়ম :

- মূল ভবন ও এনেক্স ভবন এর ১২ জন ভাড়াটিয়ার নিকট হতে ১,০৭,১৭,৬৩৫ টাকা, টাওয়ার এন্টার প্রাইজ এর নিকট ১৭,৮৪,১৬৮ টাকা এবং ৩টি ভোগ্যপন্য সমবায় সমিতির নিকট হতে বকেয়া ভাড়া বাবদ ৪,০২,৬৩৭ টাকা সর্বমোট ১,২৯,০৪,৪৪০ টাকা অনাদায় রয়েছে।
- সেন্ট্রাল পাবলিক ওয়ার্ক (সিপিডব্লিউ এ) কোডের বিধি ১৭৭ অনুযায়ী নিয়ন্ত্রণকারী কর্মকর্তা যে কোন রাজস্ব আদায়ের জন্য দায়ী থাকবেন। কিন্তু আলোচ্য ক্ষেত্রে বকেয়া ভাড়া আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি হয়েছে।

## নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাবঃ

- কিছু কিছু বরাদ্দ গ্রহীতা ভাড়া বকেয়া রেখে চলে গেছে।

## নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। বকেয়া ভাড়া আদায়ের কর্তব্যকারী কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

## নিরীক্ষার সুপারিশঃ

- দায়-দায়িত্ব নির্ধারণ করে দায়ী ব্যক্তিবর্গের নিকট থেকে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ :-১৩

শিরোনাম : রাজউক ভবনের ফ্লোরে অবস্থানকারী ভাড়াটিয়া হতে বর্ধিত হারসহ ৫০,০৯,৪৩৯ টাকা ভাড়া বাবদ অনাদায়ী।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের মূল ভবন ও এনেক্সভবন সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিস : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- আর্থিক ক্ষতি : ৫০,০৯,৪৩৯ টাকা (পরিশিষ্ট-১২ 'ক-খ' পর্যন্ত)।

অনিয়ম :

- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের এনেক্স ভবন ও মূল ভবনের ফ্লোরসমূহের ভাড়া ১-১-৯৬ তারিখ হতে প্রতি বর্গফুট পূর্বের নির্ধারিত ভাড়া যথাক্রমে ৭, ৮, ১৫ ও ১৮ টাকার স্থলে ১০, ১২, ২০ ও ২৫ টাকা নির্ধারণ করা হয়। কিন্তু বর্ধিত হারে ভাড়া আদায় না করে পূর্বের রেইটে ভাড়া আদায় করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- মেসার্স মাইনার্ভ লিঃ এবং পটুয়াখালী জুট মিলস্ লিঃ এর চুক্তিপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও চুক্তিপত্র নবায়ন না করে ফ্লোরে অবস্থান করছেন এবং বকেয়া ভাড়া পরিশোধ করেন নি।
- সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস একাউন্টস (সি.পি.ডব্লিউ এ) কোডের ১৭৭ (এ) বিধি অনুযায়ী রাজস্ব আদায়ের জন্য নিয়ন্ত্রনাকারী কর্মকর্তা দায়ী থাকার নির্দেশ থাকা সত্ত্বেও বিধি মোতাবেক কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- ০১-০১-১৯৯৬ তারিখ হতে বর্ধিত ভাড়া আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্ধিত ভাড়া পরিশোধের জন্য পত্র দেয়ার পরও ভাড়া পরিশোধ করছেন না। অপর দিকে মেসার্স মাইনার্ভ লিঃ এবং পটুয়াখালী জুট মিলস্ লিঃ এর বকেয়া ভাড়া পরিশোধ না করার জন্য চুক্তিপত্র নবায়ন করা হয়নি।

নিরীক্ষা মন্তব্য :

- স্থানীয় কর্তৃপক্ষের জবাব স্বীকৃতিমূলক। চুক্তিপত্র নবায়ন ব্যতীত সময়ের অবস্থানের জন্য বর্ধিত হারে ভাড়া সহ বকেয়া ভাড়া আদায় হচ্ছে না।

নিরীক্ষার সুপারিশ :

- স্বীকৃতিমূলক জবাবের আলোকে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।



অনুচ্ছেদ নং : ১৪

শিরোনাম : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর ৮৬ কাঠা জমির মূল্য পরিশোধ না করে বেসরকারী কলেজ প্রতিষ্ঠা করায় সংস্থার ১,০০,০০,০০০ টাকা আর্থিক ক্ষতি।

আপত্তির বিবরণ :

- কাজের স্থান : পদ্মা আবাসিক এলাকা নথিপত্র।
- নিরীক্ষিত অফিস : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- সংস্থার আর্থিক ক্ষতি : ১,০০,০০,০০০ টাকা (পরিশিষ্ট-১৩)।

অনিয়ম :

- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ৮৬ কাঠা জমির মূল্য সর্বমোট ১,০০,০০,০০০ টাকা পরিশোধ না করেই পদ্মা আবাসিক এলাকায় বেসরকারী মাদার বক্স গার্হস্থ্য অর্থনীতি কলেজ কর্তৃপক্ষ কর্তৃক দখলে রাখা হয়েছে।
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অর্ডিন্যান্স অক্টোবর, ২২/১৯৭৬ ধারা ২৩ এর আলোকে কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন এলাকার মধ্যে বিল্ডিং নির্মাণের জন্য আরডিএ এর অনুমোদন নেয়া হয়নি এবং জমির মূল্য বাবদ নির্ধারিত ১,০০,০০,০০০ টাকা আদায় হয়নি।
- বেসরকারী মাদার বক্স গার্হস্থ্য অর্থনীতি কলেজ ভবনের কিছু অংশ আরডিএ এর স্কুলের জন্য ব্যবহার করা হবে শর্তে কলেজ ভবন নির্মিত হলেও কলেজ কর্তৃপক্ষ তা প্রদান করেনি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- মাদার বক্স গার্হস্থ্য অর্থনীতি কলেজের দখলে থাকা ৮৬ কাঠা জমির মূল্য আদায়ের জন্য সর্ব প্রকার প্রচেষ্টা চালানো হয়েছে। সর্বশেষ বিষয়টির উপর সিদ্ধান্ত চেয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- জমির মূল্য পরিশোধ না করা সত্ত্বেও কোন আইনগত ব্যবস্থা নেয়া হয়নি এমনকি অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সংস্থার জমি উদ্ধার করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ :

- অতি সত্ত্বর পাওনা টাকা আদায় করে সংস্থার হিসাবভুক্ত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং : ১৫

শিরোনাম : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মার্কেটের বিভিন্ন দোকান মালিক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করায় সুদ বাবদ ৭,৪৫,৮৩১ টাকা অনাদায়।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : আরডিএ মার্কেটের ভাড়া আদায় রেজিস্টার এবং এতদসংক্রান্ত সুদ আদায়ের রেজিস্টার।
- নিরীক্ষিত অফিস : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- সংস্থার আর্থিক ক্ষতি : ৭,৪৫,৮৩১ টাকা (পরিশিষ্ট-১৪)।

অনিয়ম :

- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মার্কেটের ১৩৪টি দোকান মালিক কর্তৃক নির্ধারিত সময়ে ভাড়া প্রদান না করা সত্ত্বেও সুদ বাবদ অর্থ আদায় করা হয়নি।
- বরাদ্দ পত্রের ৫নং শর্তানুযায়ী মাসিক দোকান ভাড়ার টাকা পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় ১১% সুদসহ ঐ মাসের ৩০ তারিখের মধ্যে ভাড়া পরিশোধ না করলে দোকান এর বরাদ্দ বাতিলের বিধান থাকলেও উহা বাতিল করা হয়নি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- সুদ বাবদ আদায়যোগ্য টাকা আদায়ের লক্ষ্যে দোকান বরাদ্দ গ্রহীতার বরাবরে পত্র দেয়া হয়েছে। অতি শীঘ্রই উপরে বর্ণিত সুদ বাবদ অর্থ আদায় করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। বরাদ্দ পত্রের শর্তানুযায়ী ব্যবস্থা নেয়া আবশ্যিক।

নিরীক্ষার সুপারিশ :

- বরাদ্দপত্রের শর্ত ভংগকারীদের দোকান এর বরাদ্দ বাতিল করে পুনঃ বরাদ্দের ব্যবস্থা ও সুদ বাবদ অনাদায়ী টাকা আদায় করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং : ১৬

শিরোনাম : সড়ক সরলীকরণ ও প্রশস্তকরণ প্রকল্পের বিপরীতে আরডিএ এর উৎকর্ষ ফি বাবদ ৪,৩২,৭৩,৬১০ টাকা অনাদায়।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র : উৎকর্ষ ফি সংক্রান্ত নথি, আরডিএ এর ১৩-০৯-২০০১ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্য বিবরণী।
- নিরীক্ষিত অফিস : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- আর্থিক ক্ষতি : ৪,৩২,৭৩,৬১০ টাকা (পরিশিষ্ট-১৫ 'ক-খ' পর্যন্ত)।

অনিয়ম :

- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আধ্যাদেশ এর ৪৪(১) ধারা মতে প্রকল্প ৬/৯০ ও ৬/৯৮ মাসে চালু হওয়ার সাথে সাথে উৎকর্ষ ফি আরোপিত হবে এবং তা আদায়ের লক্ষ্যে সাধারণ সভায় সিদ্ধান্ত নেয়া হলেও তা বাস্তবায়িত হয়নি।
- ক) নাটোর-নবাবগঞ্জ ও খ) কল্লনা সিনেমা হল হতে সেরিকালচার বিক্রয় কেন্দ্র পর্যন্ত সড়ক সরলীকরণ ও প্রশস্তকরণ প্রকল্পের মধ্যে বসবাসকারী ০'-৩০০' ফুট এর মধ্যে জমির মালিকদের নিকট থেকে উৎকর্ষ ফি আদায় করা হয়নি।
- উৎকর্ষ ফি আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- ১৩-০৯-২০০১ তারিখে সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে জমির মালিকদের উপর উৎকর্ষ ফি ধার্য করার কথা বলা হয়েছে। উৎকর্ষ ফি আদায়ের প্রক্রিয়া শুরু হয়েছে। সকলের নিকট হতে উক্ত ফি আদায় করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- প্রকল্পদ্বয় ৬/৯০ ও ৬/৯৮ মাসে শেষ হলেও অধ্যাদেশ ১৯৭৬ এর ধারা ৪৪(১) মোতাবেক অনাদায়ী টাকা আদায়ের পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ :

- অধ্যাদেশের সংশ্লিষ্ট ধারা মতে অনাদায়ী টাকা আদায় করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং-১৭

শিরোনাম : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে চট্টগ্রাম বিপনী বিতানের দোকান বিভক্ত করা হলেও বিভক্তকরণ ফিসহ জরিমানা আদায় না করায় ২০,৬৭,০০০ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- কাজের স্থান :- চট্টগ্রাম বিপনী বিতান সংক্রান্ত নথিপত্র।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- সংস্থার আর্থিক ক্ষতি :- ২০,৬৭,০০০ টাকা (পরিশিষ্ট-১৬)।

অনিয়ম :

- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই চট্টগ্রাম বিপনী বিতানের ৩২টি দোকান বিভক্ত করা হয়েছে।
- জি.এফ আর ২৩৯, সি.পি. ডব্লিউ এ কোডের ১৭৭(এ) নম্বর অনুচ্ছেদ এবং কর্তৃপক্ষের ২৩৮ তম সভার সিদ্ধান্তের আলোকে বিভক্তকৃত দোকানসমূহের জন্য বিভক্তকরণ ফি এবং জরিমানার টাকা আদায় করা হয়নি।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জরিমানা ও ফি আদায় করে অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- জি.এফ আর ও কোডাল আইনের নির্দেশ অনুযায়ী আপত্তিকৃত টাকা আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশঃ

- যথাসময়ে ফি সমেত জরিমানা আদায়ে ব্যর্থতার জন্য দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১৮

শিরোনাম : বাস টার্মিনালের বকেয়া ইজারা মূল্য আদায় না করায় সুদাসলে ৩২,৩৩,৩৩৭ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- চট্টগ্রামস্থ বহাদুরহাট বাস টার্মিনাল সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- সংস্থার আর্থিক ক্ষতি :- ৩২,৩৩,৩৩৭ টাকা (পরিশিষ্ট-১৭)।

অনিয়ম :

- বাস টার্মিনালের ইজারাদারের নিকট হতে দীর্ঘদিন পূর্বের বকেয়া আদায় করা হয়নি।
- জি.এফ.আর ২৩৯ এবং সি.পি.ডব্লিউ এ কোডের ১৭৭ (এ) নম্বর অনুচ্ছেদের নির্দেশানুযায়ী বহাদুরহাট বাস টার্মিনালের ইজারাদার “চট্টগ্রাম-কক্সবাজার-টেকনাফ বাস ও মিনিবাস মালিক সমিতি” এর নিকট হতে অনাদায়ী ইজারামূল্য আদায় করা সংশ্লিষ্ট কর্মকর্তার দায়িত্ব।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- উক্ত বকেয়া আদায়ের আইনগত পদক্ষেপ নেয়া হচ্ছে। আদায়ের পর অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। আপত্তিকৃত টাকা আদায়ের বাস্তব পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ :

- দায়-দায়িত্ব নির্ধারণসহ সত্বর সমুদয় টাকা সুদাসলে আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১৯

শিরোনাম : শিল্প প্লটের ভূমি হস্তান্তর ফি বাবদ ৩,০২,৫০০ টাকা আদায়ের পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- চট্টগ্রামস্থ কালুর ঘাট ভারী শিল্প এলাকা সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- আর্থিক ক্ষতি :- ৩,০২,৫০০ টাকা (পরিশিষ্ট-১৮)।

অনিয়ম :

- কালুরঘাট ভারী শিল্প এলাকার প্লট নং-২৭ সি, জমির পরিমাণ ১.৫০ একর এর মধ্যে ০.৫০ একর জমি মেসার্স ইমরান ট্রেডার্স কর্তৃক মেসার্স এ বি ওয়াই প্রাঃ লিঃ কে ২৮-৬-১৯৯৩ তারিখে হস্তান্তর করা হলেও হস্তান্তর ফি আদায় করা হয়নি।
- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নম্বর-শাখা-অঃ-৭/৩ এল-২/৯৭ (অংশ) ৪৫৬ তারিখঃ- ১১-৫-২০০০ আদেশ মোতাবেক হস্তান্তর ফি আদায়যোগ্য।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- হস্তান্তর ফিস আদায়ের পদক্ষেপ নেয়া হয়েছে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। বকেয়া আদায়ের দীর্ঘসূত্রতা পরিহার করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ :

- দায় দায়িত্ব নির্ধারণসহ আপত্তিকৃত টাকা আদায় করে চউকের তহবিলে জমা করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২০

শিরোনাম : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালিত মার্কেটের দোকানীগণের নিকট হতে বকেয়া ভাড়া আদায় না করায় ১৭,৯২,০৯৮ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- চট্টগ্রামস্থ বিপনী বিতান ও কণফুলী মার্কেট সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- আর্থিক ক্ষতি :- ১৭,৯২,০৯৮ টাকা (পরিশিষ্ট-১৯ 'ক-খ' পর্যন্ত)

অনিয়ম :

- চট্টগ্রাম বিপনী বিতানের ৫১টি এবং কণফুলী মার্কেটের ১০টি দোকান মালিকগণের নিকট হতে বকেয়া দোকান ভাড়া আদায় করা হয়নি।
- জি. এফ আর ২৩৯ এবং সি.পি ডব্লিউ এ কোডের ১৭৭(এ) নম্বর প্যারার নির্দেশানুযায়ী রাজস্ব আদায় এবং কোষাগারে জমা করা সংস্থা প্রধানের দায়িত্ব।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- ভাড়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। বকেয়া আদায়ে দীর্ঘসূত্রতা পরিহার করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ :

- যথাসময়ে অনাদায়ী ভাড়া আদায়ে ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব নির্ধারণসহ সমৃদয় বকেয়া ভাড়া অবিলম্বে আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২১

শিরোনাম : এক প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়া প্লটে ভিন্ন প্রতিষ্ঠান শিল্প স্থাপন করলেও বরাদ্দ বাতিলসহ ভূমি উদ্ধার না করায় ৩৯,০০,০০০ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- চট্টগ্রামস্থ কালুরঘাট ভারী শিল্প এলাকা প্লট নম্বর:-২৭/সি সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- আর্থিক ক্ষতি :- ৩৯,০০,০০০ টাকা (পরিশিষ্ট-২০)।

অনিয়ম :

- কালুরঘাট ভারী শিল্প প্লট নং-২৭ সি, জমির পরিমাণ-০.৭৮ একর, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মেসার্স কোষ্টাল ফিস এন্ড ফ্রগ লেগস (এক্সপোর্ট) লিমিটেড কে বরাদ্দ প্রদান করা সত্ত্বেও উক্ত স্থানে অন্য একটি প্রতিষ্ঠান মেসার্স আফরোজা অয়েল মিলস নামে শিল্প স্থাপন করার পরও উক্ত বরাদ্দ বাতিল করা হয়নি।
- শিল্প প্লট বরাদ্দ নীতিমালার ৫ নম্বর শর্তের নির্দেশে ইজারা গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে শিল্প প্রতিষ্ঠান নির্মাণ/চালু করতে ব্যর্থ হলে বরাদ্দ বাতিলযোগ্য।

নিরীক্ষিত কর্তৃপক্ষের মন্তব্য :

- বকেয়া পাওনা ফিস আদায়ান্তে অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক। বকেয়া আদায়ে দীর্ঘসূত্রতা পরিহার করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ :

- এ ক্ষেত্রে বরাদ্দ বাতিল করে কর্তৃপক্ষের ভূমি উদ্ধার না করায় যে ক্ষতি হয়েছে তার জন্য দায়িত্ব নির্ধারণসহ ক্ষতির টাকা আদায় করে চউকের তহবিলে জমা করা আবশ্যিক।



অনুচ্ছেদ নং-২২

শিরোনাম : এক উদ্দেশ্যে বরাদ্দ করা ভূমি ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা সত্ত্বেও বরাদ্দ বাতিল না করায় ১১,৪৯,৭৬,৭৯৮ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- চট্টগ্রামস্থ জুবলী রোড বাণিজ্যিক এলাকা, বহদ্দারহাট বাস টার্মিনাল এলাকা এবং ষোলশহরে উডল্যান্ডপার্ক কমিউনিটি সেন্টার সংক্রান্ত নথি।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- আর্থিক ক্ষতি :- ১১,৪৯,৭৬,৭৯৮ টাকা (পরিশিষ্ট-২১)।

অনিয়ম :

- সিডিএ নিউ হকার্স মার্কেট ক্ষুদ্র দোকানদার সমবায় সমিতিতে ৩১-১২-২০০২ তারিখের মধ্যে ইমারত নির্মাণের শর্তে ১৩-৫-৯১ তারিখে জুবলী রোড বাণিজ্যিক এলাকার ০.৫৮ একর জমি দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু ইজারা দলিলের ৩ নং শর্ত মোতাবেক ইমারত নির্মাণ করা হয়নি।
- বহদ্দার হাট বাস টার্মিনাল এলাকার ৯.৫৮৬ একর জমি পেট্রোল পাম্প স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হলেও বরাদ্দ পত্রের শর্ত নং-৮ এর নির্দেশ মোতাবেক পেট্রোল পাম্প স্থাপন না করে ৪ তলা বাণিজ্যিক ভবন নির্মাণ করা হয়েছে।
- অফিস ভবন নির্মাণ শর্তে বিএডিসি ষোল শহর, চট্টগ্রামকে ১.৫৮ একর জমি বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু লিজ দলিলের ৯, ১৯ ও ২০ নং শর্ত ভংগ করে উক্ত স্থানে উডল্যান্ড পার্ক কমিউনিটি সেন্টার নির্মাণ করা হয়েছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- বিষয়টি পরীক্ষা করে ব্যবস্থা গ্রহণপূর্বক অডিটকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বাণিজ্যিক ভবন ও কমিউনিটি সেন্টার নির্মাণ করে ইজারা দলিলের শর্ত লংঘন করা হয়েছে। শর্তানুযায়ী বরাদ্দ বাতিল করে মূল্য বাজেয়াপ্তপূর্বক জমি উদ্ধার না করায় উক্ত অর্থ ক্ষতি হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

- বরাদ্দপত্রের শর্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণসহ আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২৩

শিরোনাম : আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ১৪,৩০,১৫৮ টাকা ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- প্রিমিয়াম রেজিস্টার ও প্রিমিয়াম আদায়ের বিবরণী।
- নিরীক্ষিত অফিসের নাম :- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- আর্থিক ক্ষতি :- ১৪,৩০,১৫৮ টাকা (পরিশিষ্ট-২২)।

অনিয়ম :

- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্ণফুলী আবাসিক এলাকার ৪টি আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে বকেয়া প্রিমিয়াম ও সুদ আদায় করা হয়নি।
- সি.পি ডব্লিউ এ কোডের ১৭৪ এবং ১৭৭ (এ) নম্বর অনুচ্ছেদের নির্দেশে রাজস্ব আদায়ের ব্যাপারে নির্বাহী কর্মকর্তার দায়িত্ব নির্ধারণের বিষয় উল্লেখ আছে।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- বিষয়টি পরীক্ষা করে অনাদায়ী টাকা সুদাসলে আদায় করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক, সুমদয় বকেয়া টাকা সুদসহ আদায়ের ব্যবস্থা নেয়া প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ :

- কর্তৃপক্ষের পাওনা আদায়ে ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করতঃ সুদসহ উক্ত টাকা আদায় করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২৪

শিরোনাম : কেডিএ নিউমার্কেটের বরাদ্দকৃত দোকান মালিকগণ মালিকানাসত্ত্ব হস্তান্তর করলেও হস্তান্তর ফি আদায় না করায় সংস্থার ২৪,৫৫,২৫০ টাকা রাজস্ব ক্ষতি।

আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- কেডিএ নিউ মার্কেটের দোকান বরাদ্দ ও হস্তান্তর সংক্রান্ত নথি
- নিরীক্ষিত অফিসের নাম :- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
- রাজস্ব ক্ষতি :- ২৪,৫৫,২৫০ টাকা (পরিশিষ্ট-২৩)।

অনিয়ম :

- কেডিএ কর্তৃপক্ষ বরাদ্দ গৃহীতার নিকট হতে ১২ মাসের দোকান ভাড়ার সমপরিমাণ নামমাত্র হস্তান্তর ফি গ্রহণ করেছে। পক্ষান্তরে বরাদ্দ গ্রহীতা কর্তৃক কোন কোন ক্ষেত্রে সর্বোচ্চ ৬,৫০,০০০ টাকায় প্রতিটি দোকান (পজেশন বিক্রি) ৩য় পক্ষের নিকট হস্তান্তর করেছে।
- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নম্বর-শাখা-৭/৩ এল-২/৯৭(অংশ)/৪৫৬ তারিখ :- ১১-৫-২০০০ মোতাবেক বাণিজ্যিক প্লট/দোকান হস্তান্তরের ক্ষেত্রে প্লটের বিক্রয় মূল্যের উপর ২৫% হারে হস্তান্তর ফি আদায় করার নির্দেশ রয়েছে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা আদায় না করায় সংস্থার রাজস্ব ক্ষতি হয়েছে।
- সি.পি.ডব্লিউ, এ কোডের ১৭৭(এ) এর নোট ১ এ সকল শ্রেণীর উৎস হতে রাজস্ব সংগ্রহের ব্যাপারে বিভাগীয় প্রধান দায়ী।

নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব:-

- ৫-২-২০০৩ তারিখের ৪৪১ তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজস্ব বৃদ্ধির প্রচেষ্টা চলছে।

নিরীক্ষা মন্তব্য :

- জবাব আপত্তির সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ :

- মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক হস্তান্তর ফি আদায় না করার জন্য দায় দায়িত্ব নির্ধারণ করা আবশ্যিক।

## অনুচ্ছেদ নং-২৫

শিরোনাম : আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে সুদসহ প্রিমিয়াম আদায়ের পদক্ষেপ গ্রহণ না করায় ৮৭,৮৮,৫৫১ টাকা ক্ষতি।

## আপত্তির বিবরণ :

- নিরীক্ষিত নথিপত্র :- প্রিমিয়াম রেজিস্টার ও প্রিমিয়াম আদায়ের বিবরণী।
- নিরীক্ষিত অফিসের নাম :- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।
- আর্থিক ক্ষতি :- ৮৭,৮৮,৫৫১ টাকা (পরিশিষ্ট-২৪)।

## অনিয়ম :

- খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত মীরের ডাংগা আবাসিক এলাকার ১১০টি প্লট, দৌলতপুর আবাসিক এলাকার ৭টি প্লট, সোনা ডাংগা আবাসিক এলাকার (২য় পর্যায়) ৬টি প্লট, সোনাডাংগা স্বপ্ন আয়ের লোকদের জন্য ৪টি প্লট, নিরালা আবাসিক এলাকায় ৫টি প্লট, শিরোমনি শিল্প আবাসিক এলাকায়-১৭টি প্লট এবং মজগুন্নি আবাসিক এলাকায় ১৩টি প্লট সর্বমোট ১৬২টি আবাসিক প্লট গ্রহীতার নিকট হতে বকেয়া প্রিমিয়াম ও সুদ আদায় করা হয়নি।
- সি.পি ডব্লিউ এ কোডের ১৭৪ এবং ১৭৭ (এ) নম্বর অনুচ্ছেদের নির্দেশে রাজস্ব আদায়ের ব্যাপারে নির্বাহী কর্মকর্তা দায়ী।

## নিরীক্ষিত কর্তৃপক্ষের জবাব :

- বিষয়টি পরীক্ষা করে অনাদায়ী টাকা সুদসহ আদায় করা হবে।

## নিরীক্ষা মন্তব্য :

- জবাব স্বীকৃতিমূলক, সুমদয় বকেয়া টাকা সুদসহ আদায়যোগ্য।

## নিরীক্ষার সুপারিশ :

- কর্তৃপক্ষের পাওনা আদায়ে ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করে সুদসহ উক্ত টাকা আদায় করা আবশ্যিক।

পূর্ত অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ৪ (চার) টি উন্নয়ন কর্তৃপক্ষের ২০০০-২০০১, ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ অর্থ বছরের রাজস্ব আদায় এর উপর বিশেষ নিরীক্ষা করা হয়েছে। নিরীক্ষা প্রতিবেদনে গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির বিবরণ অন্তর্ভুক্ত করা হয়েছে।

ঢাকা

১৯-৮-১৪১৩ বাং  
তারিখঃ ০৩-১২-২০০৬ খ্রিঃ

স্বাক্ষরিত

(ওয়াজির আহমেদ ফাতেহ)

মহা পরিচালক,

পূর্ত অডিট অধিদপ্তর, ঢাকা।